

বাংলাদেশ দূতাবাস  
জাকার্তা

প্ৰেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস, জাকার্তায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন

বাংলাদেশ দূতাবাস, জাকার্তায় ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন করা হয়। পবিত্র কোরআন হতে তেলায়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রেরিত বাণী পাঠ করে শুনানো হয় এবং ঐতিহাসিক মুজিবনগর দিবসের উপর নির্মিত একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

মান্যবর রাষ্ট্রদূত এয়ার ভাইস মার্শাল মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, জিইউপি, এনডিসি, পিএসসি মহোদয় তার বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যিনি সবসময় রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি একটি সুখী-সমৃদ্ধ দেশ গড়ার স্বপ্ন দেখতেন। বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে ক্ষুধা-দারিদ্র্যমুক্ত উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে অবিরাম কাজ করে যাচ্ছেন। তিনি মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বঙ্গবন্ধুর স্বপ্নের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও উন্নত-সমৃদ্ধ সোনার বাংলা গঠনে সবাইকে যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, জাতীয় চার নেতা ও জাতির পিতার পরিবারের সকল শহিদেবসহ দেশ ও দেশের কল্যাণে জীবন উৎসর্গকারী সকল মুক্তিযোদ্ধার আত্মার মাগফিরাত কামনা করে মোনাজাতের মাধ্যমে আলোচনা সভার সমাপ্তি হয়।

জাকার্তা, ১৮ এপ্রিল ২০২২